গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধর্মপাশা,সুনামগঞ্জ ।
www.dharmapasha.sunamganj.gov.bd

ঃ হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি -০১/২০২৩

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,ধর্মপাশা উপজেলাধীন নিম্নবর্ণিত হাট বাজারসমূহ ১৪৩০ বঙ্গাব্দের জন্য (১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্তে ক্রয় ইচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত শর্তে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব পোর্টাল www.dharmapasha.sunamganj.gov.bd তে পাওয়া যাবে।

১৪৩০ বঙ্গাব্দে ইজারাযোগ্য হাট-বাজারের তালিকাঃ

| ক্রঃ নং | হাটবাজারের নাম | ইউনিয়নের নাম | কাঙ্ক্ষিত সরকারী মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য । |
|---|---|---|---|---|---|
| ১ | বাদশাগঞ্জ বাজার | পাইকুরাটি | ২,৫৩,৩৪০/- | ১,২০০/- | |
| ২ | জয়শ্রী বাজার | জয়শ্রী | ১,৬৫,৯২৩/- | ১,০০০/- | |
| ৩ | শানবাড়ী বাজার | জয়শ্রী | ৯৬,১৯৫/- | ৫০০/- | |
| ৪ | গোলকপুর বাজার | সুখাইড় রাজাপুর উত্তর | ১,১৮,৩৬৭/- | ১,০০০/- | |
| ৫ | গাছতলা বাজার | পাইকুরাটি | ৯,৫৪০/- | ৫০০/- | |
| ৬ | পাইকুরাটি বাজার | পাইকুরাটি | - | ৫০০/- | |
| ৭ | রাজাপুর বাজার | সুখাইড় রাজাপুর দক্ষিণ | - | ৫০০/- | |
| ৮ | ধর্মপাশা বাজার | ধর্মপাশা | - | - | রীট মোকদ্দমা নং- ১১১৯৩/২০১৩ এ জড়িত । |

ইজারা সংক্রান্তদিন পঞ্জিকা ঃ

| পর্যায় | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় (দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত) | দরপত্র খোলার তারিখ ও সময় (বেলা ১.০০ ঘটিকা) | মন্তব্য । |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৪/০২/২০২৩খ্রি. | ১৫/০২/২০২৩খ্রি. | ১৫/০২/২০২৩খ্রি. | |
| ২য় পর্যায় | ০৬/০৩/২০২৩খ্রি. | ০৭/০৩/২০২৩খ্রি. | ০৭/০৩/২০২৩খ্রি. | |
| ৩য় পর্যায় | ২১/০৩/২০২৩খ্রি. | ২২/০৩/২০২৩খ্রি. | ২২/০৩/২০২৩খ্রি. | |
| ৪র্থ পর্যায় | ০৫/০৪/২০২৩খ্রি. | ০৬/০৪/২০২৩খ্রি. | ০৬/০৪/২০২৩খ্রি. | |
| ৫ম পর্যায় | ১৭/০৪/২০২৩খ্রি. | ১৮/০৪/২০২৩খ্রি. | ১৮/০৪/২০২৩খ্রি. | |
| ৬ষ্ঠ পর্যায় | ০২/০৫/২০২৩খ্রি. | ০৩/০৫/২০২৩খ্রি. | ০৩/০৫/২০২৩খ্রি. | |
| ৭ম পর্যায় | ১৭/০৫/২০২৩খ্রি. | ১৮/০৫/২০২৩খ্রি. | ১৮/০৫/২০২৩খ্রি. | |
| ৮ম পর্যায় | ০৬/০৬/২০২৩খ্রি. | ০৭/০৬/২০২৩খ্রি. | ০৭/০৬/২০২৩খ্রি. | |
| ৯ম পর্যায় | ২১/০৬/২০২৩খ্রি. | ২২/০৬/২০২৩খ্রি. | ২২/০৬/২০২৩খ্রি. | |
| ১০ম পর্যায় | ১১/০৭/২০২৩খ্রি. | ১২/০৭/২০২৩খ্রি. | ১২/০৭/২০২৩খ্রি. | |

১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তবলী

১। বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ১৪৩০ বাংলা সনের ৩০ শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার ধর্মপাশা,সুনামগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র

সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত অর্থ হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিজ খরচে নিয়মিত হাট বাজার পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যয়িত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে ।

৩। দরপত্র ফরম নিম্নবর্ণিত অফিস/দপ্তর সমুহে পাওয়া যাবে :-

(ক) জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ ।

(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,ধর্মপাশা,সুনামগঞ্জ ।

(গ) উপজেলা ভূমি অফিস,ধর্মপাশা,সুনামগঞ্জ

(ঘ) ধর্মপাশা থানা।

(ঙ) সোনালী ব্যাংক লিঃ, ধর্মপাশা শাখা,ধর্মপাশা,সুনামগঞ্জ ।

৪। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে বেলা ১২.৩০ ঘটিকা পর্যন্ত সীলমোহরকৃত খামে নিম্নবর্ণিত অফিস/দপ্তর সমুহে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করা যাবে ।

(ক) জেলা প্রশাসকের কার্যালয়,সুনামগঞ্জ। (খ) পুলিশ সুপারের কার্যালয়, সুনামগঞ্জ ।

(গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,ধর্মপাশা,সুনামগঞ্জ। (ঘ) উপজেলা ভূমি অফিস, ধর্মপাশা, সুনামগঞ্জ ।

৫। যার দরপত্র গৃহীত হবে তাকে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ এবং মোট দাখিলকৃত দরের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৬। প্রাপ্ত দরপত্রে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং দাখিলকৃত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তাহা হলে পরবর্তী পর্যায়ে দরপত্র গ্রহন করা হবে। ২য় পর্যায়ে দরপত্র আহবান করা সত্ত্বেও যদি কাঙ্ক্ষিত সরকারি ইজারা মূল্য না পাওয়া যায় তবে কাঙ্খিত সরকারি মূল্য না পাওয়া পর্যন্ত ইজারা পঞ্জিকা অনুযায়ী ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে ।

৭। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট- বাজারের জন্য ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না ।

৮। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উলেখ করতে হবে ।

৯। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে।বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঁঙ্গিয়ে প্রচার করবেন ।

১০। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে ।

১১। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্য কারো নিকট সাবলীজ (উপ-পত্তন) দিতে পারবে না। যদি অনুরূপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে ।

১৩। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

১৪। ইজারাদারকে নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে ।

১৫। ইজাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।

১৬। কোন প্রকার ঘষা মাজা, কাটা কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৭। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক অবশিষ্ট জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে ।

১৮। হাট-বাজার ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৯। চুক্তি পত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

২০। কোন হাটবাজারের উপর বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকলে এ হাটের উপর অত্র বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

২১। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৫/০১/২৩

(শীতেষ চন্দ্র সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
ধর্মপাশা, সুনামগঞ্জ।
email:unodharmapasha@gmail.com

স্মারক নং- ০৫.৪৬.৯০৩২.০০৭.০২.০৩৭.২৩.৫৫ তারিখ-২৫ জনুয়ারী ,২০২৩খ্রি.।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

৫। পুলিশ সুপার, সুনামগঞ্জ।

৬। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধর্মপাশা, সুনামগঞ্জ।

৮। অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব)/(সার্বিক), সুনামগঞ্জ।

অনুলিপিঃ অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো।

৯। উপজেলা নির্বাহী অফিসার,(সকল)............................................., সুনামগঞ্জ।

১০। সহকারী কমিশনার (ভূমি),(সকল)............................................., সুনামগঞ্জ।

১১। উপজেলা ......................................... কর্মকর্তা,(সকল)/ ,ধর্মপাশা, সুনামগঞ্জ।

১২। অফিসার ইনচার্জ, ধর্মপাশা থানা , জেলা-সুনামগঞ্জ।

১৩।সহকারী প্রোগ্রামার,ধর্মপাশা,সুনামগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি উপজেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৪। চেয়ারম্যান.................................................. ইউপি (সকল), ধর্মপাশা, সুনামগঞ্জ।

১৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, ধর্মপাশা শাখা, ধর্মপাশা, সুনামগঞ্জ।

১৬। সাব-রেজিস্ট্রার, বাদশাগঞ্জ, ধর্মপাশা, সুনামগঞ্জ।

১৭। পোষ্ট মাষ্টার, ধর্মপাশা, সুনামগঞ্জ।

১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ধর্মপাশা/বাদশাগঞ্জ/জয়শ্রী,ইউনিয়ন ভূমি অফিস, ধর্মপাশা, সুনামগঞ্জ। স্থানীয় হাটবাজারে ঢোল সহরতের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

১৯।জনাব.....................................পিতা..........................সাং.............................................পোঃ........................ ধর্মপাশা, সুনামগঞ্জ ও ইজারাদার ..................................................................বাজার।

২০। এ কার্যালয়ের নোটিশ বোর্ড ।

২১। অফিস কপি।

২৫/০১/২৩

উপজেলা নির্বাহী অফিসার
ধর্মপাশা, সুনামগঞ্জ